গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

২০২০-২০২১ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্ভাবকগণের সাথে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মাসুদা আকন্দ
পরিচালক(দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ২৮ জানুয়ারি ২০২১ খ্রি. ; বেলা ০২.৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে টিমের সদস্য সচিব জনাব সালেহ উদ্দিন আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন, কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। তিনি সভাকে আরও অবহিত করেন যে, উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১৩.২.১ অনুচ্ছেদে উদ্ভাবকগণের সাথে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে অত্র টিমের ৩টি সভা করার নির্দেশনা রয়েছে। তৎপ্রেক্ষিতে ০৯জন উদ্ভাবক অদ্যকার সভায় সংযুক্ত হয়েছেন। নভেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে এবং সিদ্ধান্তসমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়সহ টিমের সকল সদস্যকে ই-মেইল ও হোয়ার্টস এ্যাপ গ্রুপে প্রেরণ/অবহিত করা হয়েছে। জুম মিটিংয়ে সংযুক্ত উদ্ভাবকগণের তালিকা নিম্নরূপ:

নং	নাম ও মোবাইল	পদবি ও কর্মস্থল	পাইলট বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া	মন্তব্য
১.	শেখ নওশের আলী ০১৭১৯১৬৭৮৫৫	থানা যুব উন্নয়ন কর্মকর্তা ধানমন্ডি, ঢাকা।	**১ম গ্রুপ** যুব সংগঠনের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে ব্যবসায়িক সমিতির সাথে যুব সংগঠনের লিংকেজ তৈরি।	উদ্ভাবক জনাব মোনায়েম খান ও সৈয়দ ফারুক হোসেন মিটিংয়ে সংযুক্ত ছিলেন না।
২.	মো: আতাহার আলী ০১৭০৯৩৩০৪৯৭	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদর, রাজবাড়ী।		
৩.	এস. এম. বদিউজ্জামান ০১৭১৭১৪৬১৬৪	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তেরখাদা, খুলনা।		
৪.	সমীর চন্দ্র শীল ০১৭৩৩১৮৬৪৮৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বামনা, বরগুণা।	**২য় গ্রুপ** যুব উদ্যোক্তাদের পোল্ট্রি ফার্মের ডাটাবেজ তৈরি।	
৫.	মো: হাছিনুর রহমান তালুকদার ০১৭১১৭৩৯৯১৬	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কসবা, ব্রাহ্মণবাড়ীয়া।		
৬.	মো: মমিনুল হক বকাউল ০১৮১৪৮২৭৭১৮	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শাহরাস্তি, চাঁদপুর।		
৭.	মো: এমদাদ আলী ০১৭১২৮৯৭০০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদর, ঠাকুরগাঁও।		

ভার্চুয়াল আলোচনা:

১ম গ্রুপ

১। জনাব মো: আতাহার আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, রাজবাড়ী জানান যে, তিনি ব্যবসায়িক সমিতির সাথে কথা বলেছেন। যুব সংগঠনের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে একটি ওয়েবপেইজ তৈরি করবেন। সেখানে সকল পণ্যের মজুত ও দাম দেওয়া থাকবে। পাইকারগণ অনলাইনে অর্ডার দিলে সংগঠনের উৎপাদিত পণ্য স্বল্পতম সময়ে সরবরাহ করা হবে।

২। জনাব শেখ নওশের আলী মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা, ধানমন্ডি , ঢাকা জানান যে, তার কিছু উদ্যোক্তা হস্তশিল্পের মালামাল তৈরি করেন। উদ্যোক্তাগণ যাতে সহজ ও সুলভমূল্যে মালামাল বিক্রয় করতে পারে সেজন্য তিনি হস্তশিল্প এসোসিয়েশনের সাথে লিংকেজ করে দিয়েছেন। তিনি আরও জানান যে, কিছু সংগঠন ফুড প্রসেস-এর কাজ করছেন। তিনি সংগঠকদের জানান সিটি গার্ডেনের একটি ফুড কর্ণারের সাথে তাদের লিংক করে দিয়েছেন। এখন তারা সহজে মালামাল বিক্রয় করতে পারছেন। বছিলার সংগঠকদের একটি ফেইসবুক পেইজে সংযুক্ত করে দিয়েছেন, তারা উক্ত ফোরাম থেকে ব্যবসায়িক কৌশল ও পণ্য বাজারজাতকরণের বিভিন্ন বিষয় সম্বন্ধে অভিজ্ঞতা অর্জন করেছেন এবং উদ্যোক্তাগণ পণ্য বিক্রয় করার সুবিধা পাচ্ছেন।

সিদ্ধান্তঃ আগামী ০৭/২/২০২১ তারিখের মধ্যে ইনোভেটরগণ স্ব-স্ব উপজেলার সংশ্লিষ্ট যুব সংগঠকদের পণ্য সহজে বাজারজাতকরণের প্রমাণক ইনোভেশন সেলে প্রেরণ করবেন।

<u>২য় গ্রুপ:</u>

১। জনাব সমীর চন্দ্র শীল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বামনা, বরগুণা জানান যে, মুরগির ফার্মে এ্যামোনিয়া গ্যাস তৈরি হওয়ার কারণে মুরগির মড়ক লেগে সকল বার্ড/মুরগি মারা যাওয়ায় খামারিগণ ক্ষতিগ্রস্ত হয়। এলক্ষ্যে তিনি লাইভস্টক অফিসারসহ খামারগুলো ভিজিট করেন। পোল্ট্রি খামারগুলোতে এ্যামোনিয়া গ্যাস বের করার জন্য এগজস্ট ফ্যান ব্যবহার এবং বন্য প্রাণীর হাত থেকে রক্ষা পাওয়ার জন্য কলিংবেল সিস্টেম ফাঁদ স্থাপন করা যায় বলে তিনি জানান। আলোচনা থেকে বুঝা যায় যে, অত্র ইনোভেশন এর শিরোনামের সাথে আইডিয়া বাস্তবায়নের মিল নেই। ২য় গ্রুপের সদস্যদেরকে তাদের উপজেলায় কতগুলো পোল্ট্রি খামার রয়েছে সে সকল খামারীদের একটি ডাটাবেইজ তৈরি করা যায় কিনা এ বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ (বামনা, কসবা, শাহরাস্তি, ঠাকুরগাঁও সদর ও আমতলী) সংশ্লিষ্ট উপজেলার ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিষ্ঠিত পোল্ট্রি খামারগুলোর একটি তালিকা তৈরি করবেন। তথ্য সংগ্রহের লক্ষ্যে জনাব মো: শাহীনূর রহমান, উপপরিচালক (দা. বি. ও ঋণ) একটি ছক প্রস্তুত করে আগামী ২০/০২/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের নিকট প্রেরণ করবেন।

অত:পর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৬/২/২০২১

(মাসুদা আকন্দ)
পরিচালক(দা. বি. ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোন: ৯৫৬১৩৫৩
e-mail- dirpa@dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০০৮.৩১.০৬১.১৬- ০৪
তারিখ: ২৬ /০২/২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। যুগ্ন-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব .... সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।
৫। দপ্তর নথি।

২৬/০২/২০২১

(সালেহউদ্দিন আহমেদ)
সহকারি পরিচালক(আইসিটি)
ও
সদস্য সচিব
ইনোভেশন টিম
ফোন: ৯৫৮৬৮৯৮
e-mail- adict@dyd.gov.bd

পরিশিষ্ট ‘‘ক’’

২৮/০১/২০২১ খ্রি. তারিখ মাঠ পর্যায়ের উদ্ভাবকের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ভার্চুয়াল সভায় উপস্থিত সম্মানিত সদস্য গণের তালিকা (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব এ কে এম মফিজুল ইসলাম উপপরিচালক (দা.বি. ও ঋণ)	স্বাক্ষরিত
২.	জনাব মো: শাহীনূর রহমান উপপরিচালক (দা.বি. ও ঋণ)	স্বাক্ষরিত
৩.	জনাব মো: মোয়াজ্জেম হোসেন অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা।	স্বাক্ষরিত
৪.	জনাব ফারিহা নিশাত সহকারি পরিচালক (প্রকাশনা ও আত্মকর্ম)	স্বাক্ষরিত
৫.	জনাব সালেহ উদ্দিন আহমেদ সহকারি পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত
৬.	জনাব মো: জিয়াউর রহমান প্রশিক্ষক (ইলেকট্রনিক্স)	স্বাক্ষরিত

ভার্চুয়ালী সংযুক্ত মাঠ পর্যায়ের উদ্ভাবকগণের তালিকা:

নং	নাম ও পদবী	উপস্থিতি
১.	জনাব শেখ নওশের আলী থানা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত
২.	জনাব মো: আতাহার আলী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত
৩.	এস. এম. বদিউজ্জামান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত
৪.	জনাব সমীর চন্দ্র শীল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত
৫.	জনাব হাছিনুর রহমান তালুকদার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত
৬.	জনাব মো: মমিনুল হক বকাউল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত
৭.	জনাব মো: এমদাদ আলী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সংযুক্ত